কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
Kishoreganj Chamber of Commerce & Industry
চেম্বার ভবন: করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ / প্রশাসনিক ভবন: ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ
E-mail:kishoregonjchamber@gmail.com, Website: www.kishoreganjchamber.org

*Licensed by the Ministry of Commerce No. 26 of 1986 in Corporated by the registrar of Joint Stock Companies No. T.225/2 Dated-06.08.1986 and Affiliated by the FBCCI, Dhaka.*

*Ref.:* *Date:.........................*

## ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ মেয়াদের পরিচালনা পর্ষদের
## ১০ম সভার কার্যবিবরনী
### তারিখ: ২১-১০-২০২৩খ্রি:, সময়: সকাল-১১.০০ ঘটিকা
### সভার স্থান: চেম্বার ভবন-করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ।

অদ্য ২১/১০/২৩খ্রিঃ তারিখ, রোজ-শনিবার, সকাল ১১.০০ ঘটিকার সময়, কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ মেয়াদের পরিচালনা পর্ষদের **“১০ম”** নিয়মিত সভা চেম্বার ভবন: করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন চেম্বারের সম্মানিত সভাপতি জনাব এ.কে.এম মজিবুর রহমান। উক্ত সভায় পরিচালনা পর্ষদের সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকগনসহ মোট ১৫ জন উপস্থিত ছিলেন।

**সভার উপস্থিতি:-**

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব এ.কে.এম মুজিবুর রহমান | সভাপতি | স্বাক্ষরীত |
| ২. | জনাব আলহাজ্ব হাফেজ মোঃ খালেকুজ্জামান | সিনিয়র সহ-সভাপতি | স্বাক্ষরীত |
| ৩. | জনাব ইকবাল আহমেদ চৌধুরী অপু | সহ-সভাপতি | স্বাক্ষরীত |
| ৪. | জনাব শেখ ফরিদ আহম্মদ | পরিচালক | স্বাক্ষরীত |
| ৫. | জনাব মোঃ হুমায়ুন কবীর | পরিচালক | স্বাক্ষরীত |
| ৬. | জনাব মোঃ হারুন অর রশিদ | পরিচালক | স্বাক্ষরীত |
| ৭. | জনাব মোঃ বোরহান উদ্দিন | পরিচালক | স্বাক্ষরীত |
| ৮. | জনাব শেখ আসাদুজ্জামান খোকন | পরিচালক | স্বাক্ষরীত |
| ৯. | জনাব খলিলুজ জামান | পরিচালক | স্বাক্ষরীত |
| ১০. | জনাব মোঃ শামসুল ইসলাম শামীম | পরিচালক | স্বাক্ষরীত |
| ১১. | জনাব মোঃ মকবুল হোসেন বকুল | পরিচালক | স্বাক্ষরীত |
| ১২. | জনাব মোঃ জহিরুল ইসলাম সেলিম | পরিচালক | স্বাক্ষরীত |
| ১৩. | জনাব মোঃ মতিউর রহমান | পরিচালক | স্বাক্ষরীত |
| ১৪. | জনাব এ.কে.এম আরিফুর রহমান | পরিচালক | স্বাক্ষরীত |
| ১৫. | জনাব এনামুল হক | পরিচালক | স্বাক্ষরীত |

**ঃসভার সিদ্ধান্ত ঃ**

০১। সভায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে পবিত্র কোরআন পাক থেকে তেলওয়াত করেন চেম্বারের সম্মানিত সিনিয়র সহ-সভাপতি জনাব আলহাজ্ব হাফেজ মোঃ খালেকুজ্জামন। সভায় চেম্বারের যে সকল সাবেক কর্মকর্তা, সদস্য, আত্মীয় স্বজনসহ যে সকল শুভাকাঙ্খী মৃত্যু বরণ করেছেন তাদের রূহের মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

০২। সভার ২নং আলোচ্যসূচীর অংশ হিসেবে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন চেম্বারের সহ-সভাপতি জনাব ইকবাল আহমেদ চৌধুরী অপু। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সহ-সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়া ইহা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

চলমান পাতা-০২

*Ref.:* *Date:........................*

০৩। সভার ৩নং আলোচ্যসূচীর অংশ হিসাবে চেম্বারের মাসিক আয়-ব্যয় হিসাব সেপ্টেম্বর-২০২৩, এক (০১) মাসের হিসাব উপস্থাপন করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি, ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। উক্ত হিসাব গুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আয়-ব্যয় হিসাব সঠিক থাকায় ইহা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। সভার ৪নং আলোচ্যসূচীর অংশ হিসেবে **২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬** (দ্বি-বার্ষিক) মেয়াদের নির্বাচনের 'নির্বাচন বোর্ড, নির্বাচন আপিল বোর্ড গঠন' এবং নির্বাচনের তারিখ, সময় ও স্থান নির্ধারণ সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি, ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ।

**(ক)** আলোচনায় নিম্নোক্ত ব্যক্তিগণের মৌখিক সম্মতিক্রমে এবং উপস্থিত চেম্বারের পরিচালনা পর্ষদের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল গঠন করা হয়।

## নির্বাচন বোর্ড
(২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬)

| ক্রঃ নং | নাম | ঠিকানা | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব আহমেদ উল্লাহ | সম্পাদক,<br>দৈনিক শতাব্দীর কণ্ঠ, কিশোরগঞ্জ। | চেয়ারম্যান |
| ০২ | বীর মুক্তিযোদ্ধা জনাব অধ্যাপক মোঃ আবুল কাশেম | শোলাকিয়া, কিশোরগঞ্জ। | সদস্য |
| ০৩ | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আলাউদ্দিন | সিনিয়র সহ-সভাপতি, নাসিব, কিশোরগঞ্জ। | সদস্য |

সভায় চেম্বারের নির্বাহী কর্মকর্তা মোঃ আবদুল্লাহ আল মামুনকে নির্বাচন বোর্ডের সদস্য সচিব হিসেবে নির্বাচন বোর্ডের সকল কার্যক্রমে সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

## নির্বাচন আপিল বোর্ড
(২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬)

| ক্রঃ নং | নাম | ঠিকানা | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব এ্যাডভোকেট আশরাফ উদ্দিন রেনু | জজ কোর্ট, কিশোরগঞ্জ। | চেয়ারম্যান |
| ০২ | জনাব আবদুল আহাদ মানিক | সাধারণ সম্পাদক, ইটপ্রস্তুতকারী মালিক সমিতি, কিশোরগঞ্জ জেলা শাখা। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ আহসানুর রহমান (রনি) | সদস্য,<br>কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | সদস্য |

সভায় চেম্বারের সহকারী নির্বাহী কর্মকর্তা কাম কম্পিউটার অপারেটর মোঃ শফিকুল ইসলামকে নির্বাচন আপিল বোর্ডের সদস্য সচিব হিসেবে নির্বাচন আপিল বোর্ডের সকল কার্যক্রমে সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। **২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬** (দ্বি-বার্ষিক) মেয়াদের নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ড এর চেয়ারম্যানসহ সকল সদস্যগণকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য চেম্বারের নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়।

**(খ)** আলোচনায় সর্বসম্মতিক্রমে আগামী **"২৪ ফেব্রুয়ারী, ২০২৪খ্রিঃ"** রোজ-শনিবার, সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করার জন্য নির্বাচন বোর্ডকে অনুরোধ জানানো হয়। নির্বাচন কার্যক্রম শুরু করার জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ডকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

চলমান পাতা-০৩

# কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

## Kishoreganj Chamber of Commerce & Industry

চেম্বার ভবন: করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ / প্রশাসনিক ভবন: ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ

E-mail:kishoregonjchamber@gmail.com, Website: www.kishoreganjchamber.org



*Licensed by the Ministry of Commerce No. 26 of 1986 in Corporated by the registrar of Joint Stock Companies No. T.225/2 Dated-06.08.1986 and Affiliated by the FBCCI, Dhaka.*


*Ref.:* *Date:........................*

(গ) কিশোরগঞ্জ চেম্বারের নির্বাচন উপলক্ষ্যে চেম্বারের সকল সদস্য, প্রশাসন, নিরাপত্তা বাহিনী এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আসার সম্ভাবনা রয়েছে। কিন্তু চেম্বার কার্যালয়ে গাড়ি রাখা ও অধিক লোকজনের স্থান সংকুলান হবে না। উল্লেখিত বিষয়সমূহ লক্ষ্য রেখে নির্বাচন পরিচালনার সুবিধার্থে **অতিথি কমিউনিটি সেন্টার, ময়মনসিংহ রোড, গাইটাল, কিশোরগঞ্জ** নির্বাচন অনুষ্ঠানের (ভোট গ্রহণ) স্থান নির্ধারন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। নির্বাচন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সভাপতি সাহেব পরিচালনা পর্ষদের সকলকেই আহবান জানান। নির্বাচন সংক্রান্ত সকল বিষয় অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়; সভাপতি, এফবিসিসিআই; রেজিষ্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানী লিঃ; জেলা প্রশাসক, কিশোরগঞ্জ ও পুলিশ সুপারকে অবহিত করে চিঠি দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

০৫। সভার ৫নং আলোচ্যসূচীর অংশ হিসেবে সাংগঠনিক বিষয় সমূহ নিয়ে আলোচনা ও ২০২৩-২০২৪ অর্থবছরের সদস্যপদ নবায়ন সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। আলোচনায় সভাপতি সাহেব জানান যে, বিগত দিনের তুলনায় চেম্বারের নতুন সদস্য ভর্তি ও সদস্য নবায়ন কম হয়েছে। চেম্বারের সাংগঠনিক কার্যক্রমে গতিশীলতা আনতে সদস্যবৃদ্ধির কোন বিকল্প নেই। কাজেই সাংগঠনিক কার্যক্রমকে গতিশীল রাখতে এবং নির্বাচনের আগে সদস্য বৃদ্ধির ব্যাপারে সকলকে কাজ করার আহবান জানান।

০৬। সভার ০৬নং আলোচ্যসূচীর অংশ হিসেবে অধ্যাবধি পর্যন্ত যে সকল সদস্য ভর্তি ও নবায়ন সম্পন্ন করেছেন তাদের সদস্যপদ অনুমোদন সম্পর্কে আলোচনা করা হয়। সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। সভায় অদ্যাবধি পর্যন্ত যে সকল সদস্য নতুন অর্ন্তভুক্ত হয়েছেন এবং সদস্যপদ নবায়ন করেছেন তাদের সকলকে সভায় অনুমোদন দেওয়া হয়।

০৭। সভার ০৭নং আলোচনার অংশ হিসেবে বিবিধ আলোচনা হয়। সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। বিবিধ আলোচনায় সর্বসম্মতিক্রমে নির্বাচন বোর্ড, নির্বাচন আপিল বোর্ড ও অন্যান্য নির্বাচনী খরচ বাবদ টাকা **৬৫,০০০/-(পয়ষট্টি হাজার)** নির্ধারণ করা হয়। বিবিধ আলোচনায় কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল,ঢাকা কতৃক প্রেরিত আয়কর আইন, ২০২৩ এর আওতায় ফেডারেশনসহ দেশের সকল বাণিজ্য সংগঠনের TIN NUMBER গ্রহণ এবং রিটার্ন দাখিল সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। সভায় যেহেতু চেম্বারের সকল সদস্যগণ হালনাগাদ আয়কর জমা দিয়ে সদস্য হওয়ার বাধ্যবাদকতা রয়েছে, সেহেতু চেম্বারের নামে আলাদা TIN NUMBER গ্রহণ অযৌক্তিক বলে মনে করা হয়। এ বিষয়ে ফেডারেশন এবং কেন্দ্রীয় কর জরীপ অঞ্চলকে একটি চিঠি দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। ইহা ছাড়াও চেম্বারের পরিচালক খলিলুজ জামান, মোঃ শামসুল ইসলাম শামীমসহ অন্যান্য পরিচালকগণ চেম্বারের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে মধ্যাহ্ন ভোজের আমন্ত্রন জানিয়ে জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

**(এ.কে.এম মজিবুর রহমান )**
সভাপতি
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি